**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 25-04-24** **Desk in Charge :**

**Time : 7.35 AM** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement** –আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ দ্বিতীয় দফা লোকসভা নির্বাচনে আগামীকাল এরাজ্যের ৩'টি সহ সারা দেশের ৮৯টি আসনে ভোট গ্রহণ করা হবে। # উত্তরবঙ্গের ৩'টি আসনের ৯৮ শতাংশ ভোটগ্রহণ কেন্দ্রকেই সঙ্কটপ্রবণ এবং অশান্তিপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। # মোতায়েন থাকছে ২৭২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

২/ চতুর্থ দফা লোকসভা নির্বাচনের জন্য আজই মনোনয়ন দাখিলের শেষ দিন।

৩/ EVM-এর ভোটের সঙ্গে VVপ্যাটের কাগজের স্লিপ ১০০ শতাংশ মিলিয়ে দেখার আবেদনের ওপর সুপ্রিম কোর্ট রায়দান স্থগিত রেখেছে।

৪/ SSC মামলায় প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষা কর্মীর চাকরী বাতিলের রায়কে সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ জানিয়েছে রাজ্য সরকার। # রাজ্য শিক্ষা দপ্তর, স্কুল সার্ভিস কমিশন এবং মধ্যশিক্ষা পর্ষদ আলাদাভাবে মামলা করেছে।

# বিষয়টি নিয়ে শুরু হয়েছে জোরদার রাজনৈতিক তরজা।

৬/ দক্ষিণববঙ্গে আগামী রবিবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*************************************************************

**দ্বিতীয় দফার** লোকসভা নির্বাচনে আগামীকাল এরাজ্যের তিনটি আসন সহ সারা দেশের ৮৯টি আসনে ভোটগ্রহনের জন্য শেষ মুহুর্তের প্রস্তুতি চলেছে। এই দফায় রাজ্যের **দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট** আসনে ভোট নেওয়া হবে।

ডিসি/আরসি কেন্দ্রগুলি থেকে ভোটকর্মীরা তাঁদের সরঞ্জাম সংগ্রহের জন্য পৌঁছতে শুরু করেছেন। আজই তাঁরা পৌঁছে যাবেন বুথে বুথে। দার্জিলিং পার্বত্য এলাকার ভোট কেন্দ্রগুলিতে পৌঁছতে অবশ্য গতকালই রওনা দিয়েছেন ভোট কর্মীরা।

**********************

লোকসভা ভোটের **দ্বিতীয় দফায়** ৯৮ শতাংশ ভোট গ্রহণ কেন্দ্রকেই ক্রিটিক্যাল বা সঙ্কট প্রবণ এবং ভালনারেবল বা অশান্তিপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। ফলে সমস্ত বুথেই থাকবে কেন্দ্রীয় বাহিনী। ভোট চলাকালীন গন্ডগোল হলে, চটজলদী ব্যবস্থা নেবার জন্য থাকবে ২৭০ কোম্পানী কুইক রেসপন্স টিম-QRT. ভোটের ডিউটিতে থাকছে ২৭২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ও প্রায় ১৩ হাজার রাজ্য পুলিশ। দক্ষিণ দিনাজপুরে ৭৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ও ৭৩ টি QRT মোতায়েন থাকছে। দার্জিলিং-এ থাকছে ৫১ কোম্পানী বাহিনী এবং ৫০টি QRT । নির্বাচনের কথা মাথায় রেখে ভারত- নেপাল সীমান্ত সিল করে দেওয়া হয়েছে। তবে, পর্যটন ও চিকিৎসা সংক্রান্ত ক্ষেত্রে সীমান্ত পারাপার করা যাবে।
কালিম্পং-এ ১৬ কোম্পানী বাহিনী ও ১৫টি QRT মোতায়েন করা হবে।
সমতলে অর্থাৎ শিলিগুড়ি এলাকায় থাকছে ২১ কোম্পানী বাহিনী এবং ২১ টি QRT। উত্তর দিনাজপুরে মোতায়েন করা হচ্ছে ১১১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। এর মধ্যে ইসলামপুরে থাকছে ৫১ ও রায়গঞ্জে ৬০ কোম্পানী । ইসলামপুরে QRT রাখা হছে ৫১টি, রায়গঞ্জে-৬০ টি। সমস্ত বুথেই হবে ওয়েব কাস্টিং। দার্জিলিং পার্বত্য এলাকার ভোট কেন্দ্রগুলিতে পৌঁছতে গতকাল'ই রওনা হয়েছেন ভোট কর্মীরা।
দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট- এই তিন আসনে ভোটার সংখ্যা ৫১ লক্ষ ৩২ হাজারের বেশী। প্রার্থী হয়েছেন ৪৭ জন, এর মধ্যে ৩'জন মহিলা।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে, **৭'ই মে** তৃতীয় দফা নির্বাচনের আগে রাজ্য আসছে আরো **১০৩** কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

*********************

চতুর্থ দফার লোকসভা নির্বাচনের জন্য আজই মনোনয়ন দাখিলের শেষ দিন। আগামীকাল সেগুলি পরীক্ষা করে দেখা হবে। মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ২৯শে এপ্রিল। এই পর্বে আগামী ১৩ই মে রাজ্যের আটটি আসনে ভোট নেওয়া হবে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, চতুর্থ পর্বের আসনগুলির জন্য এপর্যন্ত মোট ৫৩ টি মনোনয়ন পত্র জমা পড়েছে। এর মধ্যে বহরমপুরের নয়টি, কৃষ্ণনগরে আটটি, রানাঘাটে চারটি, বর্ধমান পূর্ব কেন্দ্রে ছটি, বর্ধমান-দুর্গাপুর আসনে চারটি, আসানসোলের চারটি, বোলপুরে সাতটি এবং বীরভূমে আটটি মনোনয়ন জমা পড়েছে।

গতকাল বহরমপুরের কংগ্রেস প্রার্থী অধীর রঞ্জন চৌধুরী, মনোনয়ন জমা দেন। বর্ধমান-দুর্গাপুর কেন্দ্রের জন্য প্রার্থীপদ দাখিল করেন বিজেপির দিলীপ ঘোষ।

*********************

EVM-এর ভোটের সঙ্গে VVপ্যাটের কাগজের স্লিপ ১০০ শতাংশ মিলিয়ে গণনার একগুচ্ছ আবেদন নিয়ে শুনানির পর সুপ্রিম কোর্ট রায়দান স্থগিত রেখেছে। বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি দীপঙ্কর দত্তের বেঞ্চ নির্বাচন কমিশনের কাছে EVM-এর কার্য প্রক্রিয়া নিয়ে বেশ কিছু প্রশ্ন রেখেছেন। শুনানির সময় EVM ও VVপ্যাটের কাজ এবং সুরক্ষার দিকগুলি বুঝতে কমিশনের আধিকারিকদের সঙ্গে সবিস্তার আলোচনা করেন বিচারপতিরা। নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে, কোনো পর্যায়েই EVM-এ কারচুপি করা সম্ভব নয়। কমিশনের ওপর আস্থা রেখে বেঞ্চ বলেছেন, বর্তমান নির্বাচনী ব্যবস্থাকে আরো শক্তিশালী করার জন্য প্রয়োজনীয় সংস্কারের বিষয়টি তারা খতিয়ে দেখবেন।

*********************

এসএসসি নিয়োগ মামলায় কলকাতা হাই কোর্টের রায়কে সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ জানিয়েছে রাজ্য সরকার। রাজ্য শিক্ষা দপ্তর, স্কুল সার্ভিস কমিশন এবং মধ্য শিক্ষা পর্ষদ আলাদাভাবে মামলা করেছে।

গত সোমবার হাইকোর্টের বিচারপতি দেবাংশ বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রসিদির বিশেষ ডিভিশন বেঞ্চ, ২০১৬-র সম্পূর্ণ SSC প্যানেল বাতিল করে দেয়। এর ফলে চাকরি হারিয়েছেন ২৫ হাজার ৭৫৩ জন শিক্ষক ও শিক্ষাকর্মী। সে দিনই SSC-র চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার জানিয়েছিলেন, হাইকোর্টের রায়ে তাঁরা খুশী নন, এর বিরুদ্ধে তাঁরা সুপ্রিম কোর্টে যাবেন।

এদিকে, ২০১৫ সালের আপার প্রাইমারি চাকরিপ্রার্থীদের অবস্থান ধর্না মঞ্চের ৫০০ তম দিনে গতকাল কলকাতায় মিছিল বের করা হয়। ধর্মতলার মাতঙ্গিনী হাজরার মূর্তির পাদদেশ থেকে নিয়োগের দাবিতে মিছিল করেন ওই প্রার্থীরা। শহীদ মিনার, ডোরিনা ক্রসিং হয়ে ওয়াই চ্যানেলে গিয়ে মিছিল শেষ হয়। সেখানে তাঁদের বিক্ষোভ অবস্থানে কিছুক্ষণের জন্য অবরূদ্ধ হয়ে পড়ে ধর্মতলা চত্বর। চাকরীপ্রার্থীদের অভিযোগ, দশ বছর আগে নয় হাজার প্রার্থীর লিখিত পরীক্ষা, ইন্টারভিউ, কাউন্সেলিং হয়ে গিয়েছে। কিন্তু সবকিছুর পরও থমকে রয়েছে নিয়োগ প্রক্রিয়া।

শিলিগুড়িতেও চাকরীহারা শিক্ষক-শিক্ষিকারা গতকাল আন্দোলনে নেমেছেন। বাঘাযতীন পার্কে জমায়েত হয়।

************************

নির্বাচনী প্রচারে গতকাল পূর্ব বর্ধমানের <u>আউসগ্রামে</u> গিয়ে কলকাতা হাইকোর্টের নির্দেশে চাকরি বাতিলের বিরুদ্ধে সরব হয়েছেন তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

(বাইট- মমতা SSC )

SSC মামলায় হাইকোর্টের রায় নিয়ে তৃণমূল কংগ্রেস প্রধান এবং মুখ্যমন্ত্রীর

বক্তব্যের কড়া সমালোচনা করেছে বিজেপি।

আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র, সাংসদ শমীক ভট্টাচার্য বলেন, যারা চাকরী বিক্রি করেছে, তারা একদিকে আদালতের রায় নিয়ে প্রশ্ন তুলছে, আবার সেই রায়ের বিরুদ্ধে আদালতেই যাওয়ার কথা বলছে।

(বাইট- শমীক )

চাকরী বাতিল হওয়া যোগ্য প্রার্থীদের পাশে দল থাকবে বলে রাজ্যে বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন। চাকরী বাতিল হ ওয়ার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রীকেই দায়ী করেন তিনি।

SSC নিয়োগ দুর্নীতিতে যুক্ত সমস্ত অপরাধীদের চিহ্নিত করা, সঠিক ও স্বচ্ছ পদ্ধতিতে তালিকা প্রকাশ করে যোগ্য প্রার্থীদের পুনর্বহাল, দুর্নীতির দায় নিয়ে মুখ্যমন্ত্রীর দত্যাগের দাবিতে বামফ্রন্ট ও কংগ্রেসের পক্ষ থেকে গতকাল কলকাতায় প্রতিবাদ মিছিল বের করা হয়। ধর্মতলার লেনিন মূর্তি থেকে কলেজ স্কোয়ার পর্যন্ত আয়োজিত ওই মিছিলে বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু সহ বামফ্রন্ট ও কংগ্রেস নেতৃবৃন্দ যোগ দেন। মুখ্যমন্ত্রীর নির্দেশেই SSC-র যোগ্য আর অযোগ্যদের আলাদা করে তালিকা দেয়নি বলে বিমান বাবু অভিযোগ করেন-

(বাইট- বিমান SSC)

**********************

২০১৭ সালের প্রাথমিকে শিক্ষক নিয়োগের টেট-এর প্রশ্নে ভুল ছিল কিনা তা খতিয়ে দেখতে কলকাতা হাইকোর্ট একটি কমিটি গঠন করে দিয়েছে। বিচারপতি রাজাশেখর মান্থা গতকাল নির্দেশ দিয়েছেন যে, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এই বিশেষজ্ঞ কমিটি গঠন করবেন। কমিটি অভিযোগ খতিয়ে দেখে এক মাসের মধ্যে আদালতে রিপোর্ট জমা দেবে।

২০১৭-র প্রাথমিকে নিয়োগের টেটে ২১ টি প্রশ্নে ভুল থাকার অভিযোগে হাইকোর্টে মামলা করেন কয়েকজন পরীক্ষার্থী। প্রশ্নে যদি ভুল থাকে, তবে সবাইকে ওই প্রশ্নগুলির নম্বর দেওয়ার দাবি জানান তাঁরা।

**********************

নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত সুজয়কৃষ্ণ ভদ্রের কণ্ঠস্বরের নমুনা পরীক্ষার রিপোর্ট গতকাল কলকাতা হাইকোর্টে জমা দিয়েছে এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি। ৫ পাতার রিপোর্টে সুজয়কৃষ্ণের কণ্ঠস্বরের নমুনা সংক্রান্ত তথ্য ও তদন্তের অগ্রগতির বিষয়ে জানিয়েছে ইডি।

তবে ইডির রিপোর্ট সংক্ষিপ্ত বলে অসন্তোষ প্রকাশ করেছেন বিচারপতি অমৃতা সিনহা। ইডি জানিয়েছে, এপর্যন্ত মোট ১৩৪ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত হয়েছে এবং আরও কিছু সম্পত্তি বাজেয়াপ্ত করার প্রক্রিয়া চলছে।

**********************

SUCI (কমিউনিস্ট)-এর ৭৭তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে একটি সভার আয়োজন করা হয়। বক্তব্য রাখেন দলের পলিটবুরো সদস্য সৌমেন বসু। দলের কেন্দ্রীয় কমিটির সদস্যরা সভায় উপস্থিত ছিলেন।

**********************

দক্ষিণবঙ্গে আগামী রবিবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের তাপমাত্রা বাড়তে পারে দুই থেকে ৪’ডিগ্রি। আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানালেন-

(বাইট- সৌরিশ )

আজ তীব্র তাপপ্রবাহের ‘লাল’ সতর্কতা থাকছে দুই মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম ও বাঁকুড়া জেলায়। দুই ২৪ পরগনায় থাকছে কমলা সতর্কতা।

কলকাতায় গতকাল সর্ব্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের চেয়ে যা ৫’ডিগ্রি বেশী- ৪০ দশমিক ৫’ডিগ্রি সেলসিয়াস। আজ সকালেও সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের ৩ ডিগ্রি ওপরে- ২৮ দশমিক ৮’ডিগ্রি সেলসিয়াস।

**********************

KLO KN-এর লেটার হেডে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহর কাছে ১০ দিনের মধ্যে ৫'কোটি টাকা দাবী করা হয়েছে বলে কোচবিহারের পুলিশ সুপার দ্যূতিমান ভট্টাচার্য জানিয়েছেন। সম্প্রতি অসম, কোচবিহার ও আলিপুরদুয়ারে ব্যবসায়ীদের কাছে চিঠি পাঠিয়ে ওই সংগঠনের তরফে এভাবেই টাকা চাওয়া হয়।

**********************

পরিবেশ রক্ষার স্বার্থে শহর কলকাতার জলাশয়গুলি যাতে ভরাট না হয় সেই লক্ষ্যে পদক্ষেপ নিতে শুরু করেছে কলকাতা পুরসভা।

গতকাল ৯৯ নম্বর ওয়ার্ডের জোড়া বাগান এলাকায় একটি জলাশয় উদ্ধারের কাজ শুরু হয়েছে। দীর্ঘদিন ধরে আবর্জনা ফেলে ওই জলাশয় ভরাট করার অভিযোগ ছিলো।

**********************

বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, সেন্ট্রাল ন্যাশনাল হার্বেরিয়াম হাওড়ার বিশিষ্ট মাইকোলজিস্ট এবং বিজ্ঞানী ডক্টর কণাদ দাসের নেতৃত্বে একটি দল ভারতীয় হিমালয় অঞ্চল থেকে পাঁচটি নতুন বন্য ছত্রাক আবিষ্কার করেছে।

ছত্রাকের এই নতুন প্রজাতির আবিষ্কার জীববৈচিত্র্যের সঙ্গে সঙ্গে, ওষুধ, কৃষি এবং পরিবেশ বিজ্ঞানের মতো অন্য ক্ষেত্রে অবদান রাখবে বলে আশা করা হচ্ছে।

**********************

২৬শে মার্চ ইডেনে IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

খেলা দেখে বাড়ি ফেরার সুবিধার্থে পূর্ব রেল ২৬ ও ২৯শে এপ্রিল ও ১১ই মে বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

*****************************************************************